

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৭

আগরতলা, ১৬ জুন, ২০২৪

ঈদ-উল-জোহা উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

ঈদ-উল-জোহা (বকরিদ) উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাগ্নু রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘ঈদ-উল-জোহা অথবা ঈদ-আল-আদা বকরিদ নামে পরিচিত। যার সম্পূর্ণ অর্থ হল আনুগত্য ও বলিদানের উৎসব। এই উৎসব পৃথিবীতে উদযাপিত মুসলিম জনগণের অন্যতম পবিত্র উৎসব। এই উৎসবটি আল্লাহ এবং তাঁর ইচ্ছার প্রতি ভক্তির প্রতীক। এই উৎসব মুসলিম সম্প্রদায়ের হজের সমাপ্তিকেও চিহ্নিত করে। এই উৎসবের একটি অন্যতম রীতি হল কুরবানি অর্থাৎ বলিদান। মুসলিম লুনার ক্যালেন্ডার অনুযায়ী এই উৎসবটি ধু-আল-হিজা’র দশম দিনে উদযাপিত হয়। এই দিনটিতে মুসলিম সম্প্রদায়ের জনগণ নতুন পোষাক পরিধান করে মসজিদে যান এবং আল্লাহর উদ্দেশ্যে শান্তি এবং সমৃদ্ধির জন্য প্রার্থনা করেন।’ শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাগ্নু আশা প্রকাশ করেন এই উৎসব রাজ্যের জনগণের জন্য আনন্দ, ভালবাসা, সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ভ্রাতৃত্ববোধ বয়ে নিয়ে আসবে।
